অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/31/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল শিল্প ও সাংস্কৃতিক সংস্থাসমূহের ক্যাপিটাল প্রকল্পসমূহে 20 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের ঘোষণা করলেন

নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টস এজেন্সিটির অর্থবছরের চূড়ান্ত অর্থায়ন রাউন্ডে 116টি ক্যাপিটাল পুরস্কার প্রদান করছে

10 অঞ্চলে বিস্তৃত, 2018 সাল থেকে 50 মিলিয়ন মার্কিন ডলারের NYSCA ক্যাপিটাল তহবিলের 60 শতাংশ নিউ ইয়র্ক সিটির বাইরে প্রদান করা হয়েছে

2022 সালে, NYSCA এজেন্সির ইতিহাসে প্রথমবারের মতো 100 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করেছে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টসের (New York State Council on the Arts, NYSCA) মাধ্যমে 116টি ক্যাপিটাল প্রকল্পকে অর্থদান করা হচ্ছে। এজেন্সির 2022 অর্থবছরের চূড়ান্ত অর্থায়ন রাউন্ডে NYSCA পুরো স্টেটে 20 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে, যার ফলে এ বছরে মোট ঐতিহাসিক 100 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হলো। ক্যাপিটাল প্রকল্পসমূহের মধ্যে আছে উদ্ভাবনী নির্মাণ সংস্কার থেকে শুরু করে অতি জরুরি সরঞ্জাম হালনাগাদ করা যা স্বাস্থ্য ও নিরাপত্তার উন্নয়নকে অগ্রাধিকার প্রদান করে। অনুদানগুলি নিউ ইয়র্ক স্টেটের শিল্প খাতের ব্যাপ্তি এবং গভীরতার প্রতিফলন করবে এমন সব প্রকল্প দিয়ে যা 10টি অঞ্চলের প্রত্যেকটিতে অর্থনৈতিক বিকাশ, কর্মসংস্থান বৃদ্ধি, এবং শিল্প সংস্কৃতির উপলভ্যতা বৃদ্ধি করবে।

"ক্যাপিটাল প্রকল্পসমূহ আরো নিরাপদ, স্বাস্থ্যকর, এবং পুরো নিউ ইয়র্ক স্টেটে আরো উপলভ্য স্থান তৈরি করে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের প্রাণবন্ত সাংস্কৃতিক নোঙর থেকে শুরু করে উদযাপিত ঐতিহাসিক স্থান পর্যন্ত, আমাদের শিল্প ও সাংস্কৃতিক স্থানসমূহ নিউ ইয়র্কের অভিনবত্বকে প্রতিনিধিত্ব করে এবং আমাদের স্টেটের সমৃদ্ধ ইতিহাস ও চরিত্রকে সংরক্ষণ করে। সকল অনুদান প্রাপকদেরকে অভিনন্দন রূপান্তরকারী এইসব প্রকল্পে যাত্রা শুরুর জন্য যা প্রদর্শন করবে যে শিল্প ফিরে এসেছে এবং ভালো অবস্থানে রয়েছে।"

এই রাউন্ডে, NYSCA ক্ষুদ্র এবং মধ্যম আকারের সংস্থাসমূহকে এবং একই সাথে প্রথমবার ক্যাপিটাল প্রকল্পে আবেদনকারীদেরকে অগ্রাধিকার প্রদান করেছে। 50,000 মার্কিন ডলার থেকে

1 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত 70টি অর্থদানের পাশাপাশি, NYSCA এর স্থানীয় অর্থায়নের মাধ্যমে ক্যাপিটাল প্রকল্পসমূহের প্রতি অতিরিক্ত সমর্থন প্রদান করবে, 46টি সংস্থাকে সরঞ্জাম হালনাগাদকরণ এবং ফ্যাসিলিটি উন্নয়নের জন্য 10,000 মার্কিন ডলার অনুদান প্রদান করবে। সকল 10,000 মার্কিন ডলার অনুদানের সংস্থার পরিচালনার বাজেট 1 মিলিয়ন মার্কিন ডলারের নিচে, যা ক্যাপিটাল পুরস্কারের মোট সংখ্যা 116 করে। 50,000 মার্কিন ডলার থেকে 1 মিলিয়ন মার্কিন ডলার বিভাগের অধিকাংশ অনুদান নিউ ইয়র্ক সিটির বাইরের সংস্থাসমূহকে সমর্থন করবে।

নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টসের নির্বাহী পরিচালক মারা মানুস বলেন, "ছোট বড় ক্যাপিটাল প্রকল্পসমূহ শত শত কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে, মেইন স্ট্রিট ব্যবসা ও পর্যটন সমর্থন করে, এবং সামাজিক সংযুক্তি প্রচার করার মাধ্যমে আমাদের স্টেটের দীর্ঘমেয়াদি অর্থনৈতিক বিকাশ করে। নিউ ইয়র্কের শহর, টাউন, এবং গ্রামসমূহকে শক্তিশালী ও পুনর্জীবিত করতে শিল্প ও সাংস্কৃতিক স্থানসমূহ যে অবিচ্ছেদ্য ভূমিকা পালন করে তা উপলব্ধি করতে পারার জন্য আমরা গভর্নর হোকল এবং আমাদের স্টেটের নেতৃবৃন্দের কাছে কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক স্টেট কাউন্সিল অন দ্য আর্টসের প্রধান ক্যাথরিন নিকোলস বলেন, "উপলভ্যতা,শক্তি দক্ষতা, এবং টেকসই হওয়ার প্রচার করে এমন প্রকল্পসমূহে বিনিয়োগ করা নিউ ইয়র্ক স্টেটকে পুনর্গঠন করা এবং উজ্জ্বলতর ভবিষ্যতের দিকে ধাবমান হওয়ার জন্য অত্যাবশ্যকীয়। কাউন্সিল অন দ্য আর্টস গত দুই বছরে শিল্প ও সাংস্কৃতিক সংস্থাগুলি যে অর্থনৈতিক কাঠিন্যের সম্মুখীন হয়েছে তা বুঝতে পারে। আমরা এইসব অনুপ্রেরণাদায়ক প্রকল্পে বিনিয়োগ করতে পেরে, যেগুলি অর্থনৈতিক প্রবৃদ্ধিকে অগ্রসর করবে এবং নিউ ইয়র্ক স্টেটজুড়ে সম্প্রদায়সমূহের প্রাণশক্তি বৃদ্ধি করবে, গর্বিত।"

অনুদান প্রাপকদের মধ্যে আছে:

বুশউইক স্টার (Bushwick Starr) (নিউ ইয়র্ক সিটি) - অনুদানটি ব্রুকলিনে একটি নতুন 5,000 বর্গফুটের পারফর্মেন্স ভেন্যু এবং বুশউইক স্টারকে এর শিল্পী ও দর্শকদের জন্য একটি স্থানীয় আবাস প্রদান করবে।

শেনাঙ্গো কাউন্টি হিস্টোরিকাল সোসাইটি এবং জাদুঘর (Chenango County Historical Society & Museum) (সাউদার্ন টিয়ার) - তহবিল ঐতিহাসিক ওয়ার্ড স্কুল নম্বর 2 (Ward School No. 2) ভবনের মেসনরি সংস্কার এবং স্থাপত্য সংরক্ষণকে সমর্থন করবে যেখানে জাদুঘরটি এর সম্প্রদায়ের সমৃদ্ধ সাংস্কৃতিক ইতিহাসের নিয়ে পাবলিক স্পেস পরিচালনা করে।

দ্য হকস্টিন স্কুল (The Hochstein School) (ফিঙ্গার লেকস) - অনুদানের ডলার হকস্টিনের পারফর্মেন্স হলের (Hochstein's Performance Hall) সংস্কার সমর্থন করবে, যা হলো গ্রেটার রচেস্টার সম্প্রদায়কে সেবাদানকারী একটি ঐতিহাসিক পাবলিক আর্টস স্পেস।

উইমেন্স স্টুডিও ওয়ার্কশপ (Women's Studio Workshop) (মধ্য-হাডসন) - তহবিলটি একটি ঐতিহাসিক 1800 শতাব্দীর ইটের বাঁকানো তেলঘরের সংস্কার ও পুনর্গঠন করে একটি

নতুন সিরামিক্স স্টুডিও, শিল্পীদের বই সংস্করণের স্টুডিও, এবং স্থানীয় শিল্পীদের জন্য পাঁচটি ভাড়া দেওয়ার স্টুডিও বানাবে।

অনুদান প্রাপকদের একটি পূর্ণ তালিকা পাওয়া যাবে এখানে।

NYSCA ক্যাপিটাল অর্থায়ন এখন পর্যন্ত 50 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে, যা তিনটি অর্থায়ন রাউন্ডে বিতরণ করা হয়েছে। এর আগের অর্থায়নের বছরগুলিতে পুরো স্টেটে NYSCA যে 88টি প্রকল্পকে সমর্থন করেছে, তার মধ্যে আনুমানিক 50 শতাংশের কাজ প্রায় শেষ।

স্টেট সিনেটর হোসে এম. সেরানো বলেন, "আমাদের স্টেটের প্রাণশক্তির জন্য একটি সমৃদ্ধ শিল্প ও সাংস্কৃতিক খাত অতি গুরুত্বপূর্ণ। NYSCA-র ক্যাপিটাল অনুদান প্রাপকেরা আমাদের স্টেটের শিল্পের ইকোসিস্টেমকে আরো মজবুত করবে, দুই বছরের কঠিন দিনের পর আবশ্যক ও উদ্ভাবনী প্রকল্পকে অগ্রসর করবে। আমি পুরো স্টেটে অলাভজনক শিল্প সংস্থার প্রবৃদ্ধি ও পুনরুজ্জীবন সমর্থন করতে পেরে গর্বিত, এবং নিউ ইয়র্ককে প্রাণবন্ত সাংস্কৃতিক গন্তব্য হিসেবে ধরে রাখা নিশ্চিত করতে তাদের কাজের জন্য গভর্নর হোকল এবং NYSCA-র প্রশংসা করছি।"

অ্যাসেম্বলি সদস্য ড্যানি ও'ডোনেল বলেন, "নিউ ইয়র্ক শিল্প ও সংস্কৃতির জন্য একটি বৈশ্বিক মশালের মতো, এবং শিল্পে বিনিয়োগ করা প্রতিটি ডলার নিউ ইয়র্ক স্টেটের সব অঞ্চলে চাকরি, সংস্কৃতি, ও অর্থনৈতিক প্রবৃদ্ধি সমর্থন করে। মহামারী শিল্প ও সংস্কৃতি খাত যেই ব্যাপক সমস্যার সম্মুখীন হয় তার উপর আলোকপাত করেছে এবং তা আরো বৃদ্ধি করেছে, এবং অত্যাবশ্যকীয় এই ক্যাপিটাল তহবিল সংস্থা ও তাদের সম্প্রদায়সমূহের জন্য রূপান্তরকারী হবে। এইসব ক্যাপিটাল অনুদান প্রাপকদের কাজ আমাদের অর্থনীতিকে জোরদার করে, সকল নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যকে সমর্থন করে এবং আমাদের জীবন সমৃদ্ধশালী করে। আমি অত্যন্ত গর্বিত যে নিউ ইয়র্ক স্টেট এ ব্যাপারে অগ্রসর হয়েছে এবং আমাদের শিল্প খাতে দীর্ঘদিনের ক্যাপিটাল চাহিদাকে সমর্থন করেছে। আমি শিল্পের প্রতি গভর্নর হোকলের অব্যাহত সমর্থন এবং আমাদের সামগ্রিক পুনরুদ্ধারের সময় যাতে আমাদের শিল্প ও সাংস্কৃতিক প্রতিষ্ঠান গুলি সমৃদ্ধি করতে পারে তা নিশ্চিত করতে তার প্রতিশ্রুতির জন্য তার প্রশংসা করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন